

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়  
বান্দরবান পার্বত্য জেলা  
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)  
[www.bandarban.gov.bd](http://www.bandarban.gov.bd)

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২৩.২৩. ৯৬

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৯  
২২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় পৌরসভাওয়ারী ২য় কিস্তির নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর পত্র নম্বর: ৫১.০১.০০০০.০১২.১৪.০০৮.২২.২৪; ১৭ জানুয়ারি ২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) কর্মসূচীর আওতায় সূত্রে বর্ণিত স্মারক মূলে ২য় কিস্তিতে নিম্নবর্ণিত পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ পরবর্তী “জেলা কর্ণধার” কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্ত এবং টিআর নির্দেশিকা-২০২১ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত পৌরসভার পার্শ্বে উল্লিখিত পরিমাণ নগদ অর্থ সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো এবং উপ-বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

ক্রমিক	পৌরসভার নাম	২য় পর্যায়ে উপ-বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ (টাকা)	অনুমোদিত প্রকল্প সংখ্যা
১	২	৩	৪
০১	বান্দরবান পৌরসভা	৩৭৭০০৮.৪	০৩ টি
	মোট=	৩৭৭০০৮.৪	০৩ টি

**শর্তসমূহ :**

- (০১) বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১-০৩-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (০২) এ কর্মসূচীর নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান, টিআর নির্দেশিকা- ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
- (০৩) এ কর্মসূচীর প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচীর নির্দেশিকার ৪ নম্বর অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (০৪) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (০৫) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- (০৬) বাস্তবায়নাব্যয় প্রকল্প এলাকার(পৌরসভা) নির্বাচিত কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- (০৭) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;
- (০৮) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করাসহ অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (০৯) বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দণ্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে;
- (১০) জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে ‘ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন’ প্রকল্প গ্রহণ করা যাবে’
- (১১) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;

চলমান পাতা-০২

- (১২) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;  
(১৩) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;

সংযুক্তি : অনুমোদিত প্রকল্পের তালিকা ০১ ফর্দ।

স্বা-

মো: ছাইফুল্লাহ মজুমদার  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
জেলাপ্রশাসকের পক্ষে  
বান্দরবান পার্বত্য জেলা।  
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫  
টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯  
email: drrobandarban83@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার  
বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২৩.২৩. ৯৬

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৯  
২২ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।  
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।  
০৩। পরিচালক(কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।  
০৪। পি এস টু মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)  
০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আ. গণি রোড, ঢাকা।  
০৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বান্দরবান সদর উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।  
০৭। মেয়র, বান্দরবান পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।  
০৮। সহকারী কমিশনার (গোপনীয়), বান্দরবান পার্বত্য জেলা (জেলাপ্রশাসক মহোদয় এর সদয় অবগতির জন্য)  
০৯। সহকারী কমিশনার, আইসিটি, জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।  
১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান পার্বত্য জেলা- তাঁকে উপ-বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ছাড়করার জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা হিসাবরক্ষণ অফিসার বরাবরে অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারী করতে অনুরোধ করা হলো।  
১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বান্দরবান সদর উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
জেলাপ্রশাসকের পক্ষে  
বান্দরবান পার্বত্য জেলা।  
sm